

Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 06 May, 2025

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে অনুষ্ঠিত হচ্ছে উপদেষ্টা পরিষদের সভা। আজ মঙ্গলবার প্রধান উপদেষ্টার তেজগাঁওয়ের কার্যালয়ে এই সভা চলছে।

প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার এ তথ্য জানান তিনি বলেন, উপদেষ্টা পরিষদের সভা শেষে বিকেল ৩টায় ফরেন সার্ভিস একাডেমিতে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। এতে আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা আসিফ নজরুল বক্তব্য দেবেন।

জানা গেছে, সভায় অন্তর্বর্তী সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়ে আলোচনা করছেন উপদেষ্টা পরিষদের সদস্যরা। এ সময় বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টারা তাদের গৃহীত পদক্ষেপ নিয়ে অবহিত করেন প্রধান উপদেষ্টার কাছে। সেইসঙ্গে দেশের চলমান ও সার্বিক পরিস্থিতি নিয়েও আলোচনা হয় সভায়।

উপদেষ্টা পরিষদ প্রধান উপদেষ্টা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 18:50

URL: <https://timestodaybd.com/bangladesh/7758072010>